

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 04-02-2026**

**Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে আগামীকাল ফের বিধানসভায় অন্তর্বর্তী বাজেট অধিবেশন শুরু হবে।
- ২) বিধানসভা নির্বাচনের আগে রাজ্য ইভিএম ও ভিভিপ্যাট ব্যবহারে বিষয় সচেতনতা বাড়াতে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।  
এস আই আর প্রক্রিয়ায় আপত্তি নিয়ে সুপ্রিম কোর্টে নির্বাচন কমিশনের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস নেতৃী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর করা মামলার আজ শুনানি হওয়ার কথা।
- ৩) ঝাড়খণ্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর প্রতিবাদে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA-এর তদন্তের কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারা স্থানীয় মুক্তি দেওয়া হয়েছে।
- ৪) কলকাতার পর জলপাইগুড়ির সাই কেন্দ্রে ৪-শো মিটার সিস্টেটিক ট্র্যাকের উদ্বোধন করেছেন কেন্দ্রীয় যুব ও ক্রীড়া বিষয়কমন্ত্রী মনসুখ মান্ডবিয়া।
- ৫) আজ বিশ্ব ক্যান্সার দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ক্যান্সার রোগ সম্পর্কে সচেতনতা তৈরির লক্ষ্যে দিনটি পালিত হয়ে থাকে।
- ৬) কলকাতা সহ আশপাশ এলাকায় গতকাল রাতে ভূ-কম্পন অনুভূত হয়। রিখটার ক্ষেত্রে এর তীব্রতা ছিল ৬।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে আগামীকাল ফের বিধানসভায় অন্তর্বর্তী বাজেট অধিবেশন শুরু হবে। দ্বিতীয়ার্ধে রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এবারের অধিবেশন চলবে আগামী সোমবার পর্যন্ত।

প্রথামাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে গতকাল রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশন শুরু হয়। এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন। শুরুতেই রাজনীতি, শিল্প, সংস্কৃতি, বিনোদন জগতের সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। বারামতিতে বিমান দুর্ঘটনায় নিহত মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী, এনসিপি নেতা অজিত পাওয়ার, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া, চলচ্চিত্র নক্ষত্র ধর্মেন্দ্র, রবীন্দ্র সঙ্গীত শিল্পী অর্ঘ্য সেন, বর্তমান রাজ্য বিধানসভার সদস্য জুলফিকার ইসলাম সহ প্রয়াত বিশিষ্টজনেদের উদ্দেশ্যে শোক জ্ঞাপন করা হয়। এর পরে অধ্যক্ষ দিনের মত অধিবেশন মুলতুবি ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ইভিএম ও ভিভিপ্যাট ব্যবহারের বিষয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। ফাস্ট লেভেলে চেকিং প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর প্রশিক্ষণ ও সচেতনতা কর্মসূচির জন্য ৬ হাজার ২৫৯টি ব্যালট ইউনিট, ৬ হাজার ২৫৯টি কট্টোল ইউনিট এবং ৬ হাজার ২৫৯টি ভিভিপ্যাট আলাদা করে রাখা হয়েছে। যেগুলি মানুষের সচেতনতা প্রচারে ব্যবহার করা হবে। জেলা নির্বাচনী আধিকারিক এবং রিটার্নিং আধিকারিকদের দপ্তরে ইভিএম প্রদর্শনী কেন্দ্র খোলা হয়েছে।

পাশাপাশি রাজ্য জুড়ে ২৯৪টি ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান নামানো হয়েছে, যা বিভিন্ন বুথ ও ক্লাস্টারে ঘুরে সচেতনতা কর্মসূচি চালাচ্ছে। এখনও পর্যন্ত এই ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান ৪ হাজার ৬১৭টি ভোটকেন্দ্র এলাকায় পৌঁছেছে। ২৩ হাজারের বেশি মানুষ সরাসরি এই প্রদর্শনী দেখেছেন এবং ১৯ হাজার সাতশোর বেশি মানুষ অংশ নিয়েছেন মক পোল প্রক্রিয়ায়। নির্বাচন ঘোষণা হওয়া পর্যন্ত এই সচেতনতা কর্মসূচি চলবে। এরপর শুধুমাত্র ডিজিটাল মাধ্যমে সচেতনতা কর্মসূচি চালানো হবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর প্রক্রিয়ায় নিয়ে আপত্তি তুলে সুপ্রিম কোর্টে নির্বাচন কমিশনের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস নেতৃী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করা মামলার আজ শুনানি হওয়ার কথা। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চে এই মামলায় আজ মুখ্যমন্ত্রী নিজেই সওয়াল করতে পারেন বলে দলীয় সূত্রের খবর।

আগেই জানানো হয়েছে, এসআইআর প্রক্রিয়ায় রাজ্যের মানুষের অসুবিধা নিয়ে অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী ফের ক্ষেত্র ব্যক্ত করেছেন। গতকাল নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এস আই আর নিয়ে নির্বাচন কমিশনের কাজকর্মে মানুষ বুকতে পারছেন না, তাঁরা কোথায় অভিযোগ জানাবেন। একাধিকবার এবিষয়ে নির্বাচন কমিশনকে চির্ঠি দিলেও কোনো উত্তর পাওয়া যায়নি বলে অভিযোগ।।

০০০০০০০০০০০০০০০০

ঝাড়খণ্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর প্রতিবাদে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA-এর তদন্তের কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। শীর্ষ আদালতে এনআইএ তদন্তের ঘোষিকতা নিয়ে প্রশ্ন তুলেছে রাজ্য। গত বিশে জানুয়ারি হাইকোর্টের প্রধান বিচারপতি

সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চ এসংক্রান্ত মামলার শুনানিতে জানান, কেন্দ্রীয় সরকার প্রয়োজন মনে করলে এনআইএ-কে দিয়ে তদন্ত করাতে পারে। এরপরই গত শনিবার তদন্তকারী সংস্থার আধিকারিকরা ঘটনাস্থলে যান। গতকালও ৬ সদস্যের আধিকারিক দল বেলডাঙ্গার বড়ুয়া মোড়ে স্থানীয়দের কথা বলেন। এলাকার বেশকিছু দোকানের সি সি টি ভি ফুটেজ সংগ্রহ করেন তারা।

উল্লেখ্য, ঝাড়খনে ভাড়া বাড়িতে মুর্শিদাবাদের ঐ পরিয়ায়ী শ্রমিকের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চলতি মাসের ১৬ ও ১৭ তারিখ বিক্ষেভনে উত্তাল হয়ে ওঠে বেলডাঙ্গ। খবর সংগ্রহে গিয়ে আক্রান্ত হন সাংবাদিকদের। ভাঙ্চুর করা হয় সরকারি সম্পত্তি।

০০০০০০০০০০০০০০০০০০০

সুন্দরবনের লাহিড়ীপুর গ্রাম পঞ্চায়েতের বাঘের হানায় মৃত প্রফুল্ল মণ্ডলের পরিবারকে অবিলম্বে ক্ষতিপূরণের টাকা দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০১৯ সালের ২৪ ডিসেম্বর বাঘের হামলায় মৃত্যু হয় প্রফুল্ল। দীর্ঘদিন ধরে ক্ষতিপূরণ না পেয়ে অবশ্যে কলকাতা হাইকোর্টের দ্বারা হয়েছিলেন মৃতের স্ত্রী। বিচারপতি কৃষ্ণ রাও গতকাল রাজ্যকে নির্দেশ দিয়েছেন, সমস্ত নথি চার সপ্তাহের মধ্যে খতিয়ে দেখে, পরের দু'সপ্তাহের মধ্যে ক্ষতিপূরণের ৫ লক্ষ টাকা দিয়ে দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের কেশপুর বিধানসভার ৭ নম্বর অঞ্চলের রামাকাটা এলাকায় গতরাতে দলীয় আভ্যন্তরীণ বৈঠক চলাকালীন বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে, তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনায় প্রায় ১৫ জন বিজেপি কর্মী -সমর্থক গুরুতর আহত হয়েছেন। তাদের মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে এনে ভর্তি করা হয়েছে।

বিজেপি নেতৃত্বের অভিযোগ, কেশপুরের রামাকাটা এলাকাতে 'বুথ বিজয় সংকল্প সভা' চলাকালীন কিছু দুঃখ্তি এসে সভায় উপস্থিত সদস্যদের ছবি তুলে নেয় এবং বাঁশ লাঠি, প্রভৃতি জিনিস দিয়ে বেদম প্রহার করা শুরু করে। কয়েকটি মোটরসাইকেলেও চলে ভাঙচুর। হামলার ঘটনায় ক্ষুর বিজেপি কর্মী সমর্থকরা রাতেই মেডিনীপুর শহরে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে ঘেরাও করে বিক্ষেপ দেখান। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তাদের বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার গোলপার্কের কাঁকুলিয়া রোডে গোষ্ঠী সংঘর্ষের ঘটনায় পুলিশ সোনা পাঞ্চুর ঘনিষ্ঠ বাবু সোনা দাস এবং শুভক্ষ রায় সহ চারজনকে পুলিশ গতকাল গ্রেফতার করেছে। আজ তাদের আদালতে তোলা হবে। এই নিয়ে এই ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা দাঁড়ালো ১৯। তবে, মূল অভিযুক্ত সোনা পাঞ্চুকে এখনও গ্রেফতার করা হয়নি।

এর আগে সোমবার পুলিশ চারজনকে গ্রেপ্তার করে। তাদের আলিপুর আদালতে তোলা হলে ১০ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। ঘটনার দিন রাতেই ১০ জনকে গ্রেফতার করা হয়েছিল।

উল্লেখ্য, এলাকা দখলকে কেন্দ্র করে গত রবিবার পঞ্চানন তলায় দুই গোষ্ঠীর সংঘর্ষ বাধে। বোমাবাজির পাশাপাশি গুলি চলে বলেও অভিযোগ।

এদিকে, গোলপার্কের এই ঘটনায় রাজ্যের আইন-শৃঙ্খলার কঙ্কালসার চেহারা ফের সকলের সামনে চলে এসেছে বলে বিজেপির মুখ্যপাত্র অমিত মালব্য মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন পশ্চিমবঙ্গের জলপথের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগ নিয়ে বিশেষ আলোচনা।

কলকাতার শ্যামা প্রসাদ মুখাজী বন্দরের চিফ ইঞ্জিনিয়ার শান্তনু মিত্রের সঙ্গে কথা  
বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায়  
গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় যুব ও ক্রীড়া বিষয়কমন্ত্রী মনসুখ মান্ডবিয়া গতকাল জলপাইগুড়ির সাই  
কেন্দ্রে ভার্চুয়ালী ৪-শো মিটার সিস্টেটিক ট্র্যাকের উদ্বোধন করেন। দেশে খেলাধুলার  
পরিকাঠার উন্নতিতে কেন্দ্রীয় সরকার সবরকমের চেষ্টা চালাচ্ছে বলে তিনি জানান।

(বাইট - মান্ডবিয়া)

জলপাইগুড়ির স্পোর্টস্ অথরিটি অফ ইন্ডিয়ার ইনচার্জ ওয়াশিম আহমেদ বলেন,  
কলকাতার পর রাজ্যের মধ্যে দ্বিতীয় সিস্টেটিক ট্র্যাক এখানে তৈরির খবরে  
খেলোয়াড়মহল উৎসাহিত।

(বাইট - আহমেদ)

০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব ক্যান্সার সচেতনতা দিবস। বিশ্ব জুড়ে ক্যান্সার রোগ সম্পর্কে মানুষের  
মধ্যে সচেতনতা তৈরি র লক্ষ্যে দিনটি পালিত হয়ে থাকে। ক্যান্সার রোগ সম্পর্কে  
সচেতনতা বাড়াতে চিকিৎসক, স্বাস্থ্য ও সমাজ সেবী সংগঠনগুলি নানা অনুষ্ঠানের  
আয়োজন করেছে।

উল্লেখ্য, ২০০০ সালের ৪ ফেব্রুয়ারি ক্যান্সার প্রতিরোধ সংক্রান্ত বিষয় নিয়ে  
প্যারিস এ এক সম্মেলন অনুষ্ঠিত হয়। ওই সম্মেলন থেকে চোঠা ফেব্রুয়ারি দিনটিকে  
বিশ্ব ক্যান্সার দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরে বাতাসের প্রভাবে এখনও রাজ্যজুড়ে হালকা শীতের আমেজ রয়েছে। তবে গত কয়েকদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক বা তার নিচে থাকলেও আজ তা কিছুটা বেড়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক ২ ডিগ্রি বেশি। আগামী সাত দিন শুষ্ক আবহাওয়া থাকবে এবং সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশার সম্ভাবনা রয়েছে।

এদিকে, গতরাতে নটা তিন নাগাদ কলকাতা সহ আশপাশ এলাকায় ভূকম্পন অনুভূত হয়। উৎপত্তি স্থল ছিল মায়ানমার এলাকা। রিখটার স্কেলে তীব্রতা ছিল ছয়। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, পরে ৯ টা ২১ নাগাদ ভূকম্পন পরবর্তী কম্পনে আবার কেঁপে ওঠে মায়ানমার। এর তীব্রতা ছিল ৫ দশমিক তিন।

০০০০০০০০০০০০০০০০০০

৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার গতকাল সমাপ্তি হয়েছে। মেলার আয়োজক পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের পক্ষ থেকে মেলার থিম কান্ট্রি আর্জেন্টিনা, প্রথম অংশগ্রহণকারী দেশ ইউক্রেন ও দীর্ঘদিন পর যোগদানকারী চীন সহ বিদেশি প্রতিনিধিদের সম্মানিত করা হয়।

প্রাপকদের হাতে সম্মাননা তুলে দিয়ে সংগঠনের সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন, আগামী এক বছরের মধ্যেই প্রস্তাবিত বইতীর্থ তৈরীর রূপরেখা সম্পূর্ণ করা হবে।

(বাইট - ত্রিদিব চট্টোপাধ্যায়)

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনের উদ্যোগে অন্যান্য বারের মতো এবারও আজ শুরু হচ্ছে শ্রীচৈতন্য মহোৎসব ও মেলা। চলবে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত। বাগবাজার সার্বজনীন দুর্গোৎসব মাঠে, শ্রীচৈতন্য মহাপ্রভুর ৫৪০ তম জন্মবার্ষিকী উপলক্ষে বাগবাজার গৌড়ীয় মিশন ৫ দিনব্যাপী এই মেলার আয়োজন করছে। সেই সঙ্গে গৌড়ীয় মঠের প্রতিষ্ঠাতা ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু পাদের ১৫২ তম জন্মতিথি উপলক্ষে নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে গৌড়ীয় মিশনের পক্ষ থেকে। পাঁচ দিনব্যাপী শ্রী চৈতন্য উৎসব ও মেলায় থাকছে নগর সংকীর্তন, শোভাযাত্রা, প্রদীপ যাত্রা, শ্রীচৈতন্য দেবের জীবন ও বাণী নিয়ে আলোচনা, বসে আঁকো প্রতিযোগিতা সাংস্কৃতিক অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০

গতবারের বিজয়ী বাংলাকে হারিয়ে সার্ভিসেস জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির সেমিফাইনালে উঠেছে। অসমের ডিব্রুগড় এর ঢাকুয়াখানা স্টেডিয়ামে গতকাল কোয়ার্টার ফাইনালে সার্ভিসেস টাইব্রেকারে ৩-২ গোলে বাংলাকে পরাজিত করে। নির্ধারিত ও অতিরিক্ত সময়ে খেলা গোল শূন্য ছিল।

কেরালা, রেলওয়ে, পাঞ্জাব সন্তোষ ট্রফির সেমি ফাইনালে পৌঁছেছে। দুটি সেমিফাইনাল হবে বৃস্পতিবার। ফাইনাল রবিবার।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০